



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ১৬ জুলাই ২০১২

### প্রেস বিজ্ঞপ্তি

#### খাগড়াছড়িতে সেনাবাহিনী কর্তৃক তিন ইউপিডিএফ সদস্য গ্রেফতার

খাগড়াছড়ি উপজেলা সদরের ১নং খাগড়াছড়ি ইউনিয়নের গোরগোজ্যাছড়ি গ্রাম থেকে তিন ইউপিডিএফ সদস্যকে গ্রেফতার করেছে সেনাবাহিনী। গ্রেফতারকৃতরা হলেন, প্রতুল ময় চাকমা ওরফে রকেট (৩০) পিতা বসন্ত চাকমা, রাফ্র মারমা (২০) পিতা রেদা মারমা, গ্রাম রাবার বাগান, কমলছড়ি ও রুপেন্দু চাকমা (১৮) পিতা অশোক মিত্র চাকমা, গ্রাম হাজাছড়া, মেরুং, দিঘীনালা। এর মধ্যে রুপেন্দু চাকমা পাহাড়ি ছাত্র পরিষদের মেরুং ইউপি শাখার সাধারণ সম্পাদক ও ছোট মেরুং উচ্চ বিদ্যালয়ের দশম শ্রেণীর ছাত্র।

ইউপিডিএফ খাগড়াছড়ি জেলা ইউনিটের সংগঠক কালোপ্রিয় চাকমা এক বিবৃতিতে অবিলম্বে আটককৃতদের মুক্তি দেয়ার দাবি জানান। তিনি বলেন তাদেরকে অন্যায়ভাবে ও বিনা অপরাধে আটক করা হয়েছে।

ঘটনার বর্ণনা দিয়ে তিনি বলেন, 'আজ ১৬ জুলাই সোমবার ভোর ৫টার সময় বিজিতলা আর্মি ক্যাম্প থেকে একদল সেনা গোরগোজ্যাছড়ি গ্রাম ঘেরাও করে। সেনারা সেখানে দুটি বাড়ি থেকে উক্ত তিন ইউপিডিএফ সদস্যকে আটকের পর বেদম মারধর করে। সকাল ৮টা পর্যন্ত সেনারা সেখানে অবস্থান করে পাড়ার বেশ কয়েকটি বাড়িতে ব্যাপক তল্লাশি চালায়। তবে তল্লাশীতে বেআইনী কোন কিছু উদ্ধারে তারা ব্যর্থ হয়। পরে সেনারা আটককৃত ইউপিডিএফ সদস্যদেরকে নিয়ে ক্যাম্পে ফিরে যায়'

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ